চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়
চট্টগ্রাম
শিক্ষক পদে নিয়োগ বিজ্ঞপ্তি

বিজ্ঞপ্তি নম্বর: ০৩/২০২৬ **তারিখ: ০১ নভেম্বর, ২০২৬ খ্রিস্টাব্দ**

নিম্নে বর্ণিত বেতন স্কেলে এবং রীতি মোতাবেক প্রদেয় অন্যান্য ভাতায় এ বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত পদে শিক্ষক নিয়োগের জন্য বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে :

ক্রম	বিভাগ/ইনস্টিটিউট এর নাম	পদের নাম	পদের সংখ্যা ও ধরণ
১.	শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (IER)	প্রভাষক	০২ (দুই)টি স্থায়ী;
২.	বাংলাদেশ স্টাডিজ বিভাগ	প্রভাষক	০২ (দুই)টি স্থায়ী;
৩.	জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগ	প্রভাষক	০২ (দুই)টি স্থায়ী;
৪.	ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগ	প্রভাষক	০২ (দুই)টি স্থায়ী;
৫.	যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগ	প্রভাষক	০৩ (তিন)টি ছুটিজনিত অস্থায়ী।

বেতন স্কেল:

প্রভাষক : জাতীয় বেতন স্কেল-২০২৬ এর ৯ম গ্রেড।

প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা:

১। প্রভাষক:

(১) শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট (IER) ও বাংলাদেশ স্টাডিজ বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ৩টি স্তরে ১ম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে ন্যূনতম ৫০% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে। পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ.৩.৫০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৫০ ও অন্যটিতে ৩.৪০ থাকতে হবে।

(২) জেনেটিক ইঞ্জিনিয়ারিং এন্ড বায়োটেকনোলজি বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতা:

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ০৩(তিন) টি স্তরে প্রথম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে ন্যূনতম ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৪.০০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৭০ ও অন্যটিতে ৩.৬০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ./সি.জি.পি.এ. ৩.৬০ থাকতে হবে।

চলমান পাতা-২

(৩) **ফিজিক্যাল এডুকেশন এন্ড স্পোর্টস সায়েন্স বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতাঃ**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পর্যায়ে ন্যূনতম ৫০% মার্কস থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে প্রথম শ্রেণি থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো ও নতুন উভয় পদ্ধতির ক্ষেত্রে একটিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.৫০ ও অন্যটিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.২৫ থাকতে হবে।

তবে ফিজিক্যাল এডুকেশন ও স্পোর্টস সায়েন্স বিষয়ে কোনো প্রার্থীর মূল ডিগ্রি (অনার্স ও মাস্টার্স ডিগ্রি) না থাকলেও স্পোর্টস সায়েন্স বিষয়ে উচ্চতর ডিগ্রি যেমন-পি-এইচ.ডি/এম.ফিল./বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ২য় মাস্টার্স ডিগ্রি থাকলে তিনি আবেদন করার যোগ্য বলে বিবেচিত হবেন। এক্ষেত্রেও পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের বেলায় এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান পর্যায়ে ন্যূনতম ৫০% মার্কস থাকতে হবে; সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রির উভয়টিতে প্রথম শ্রেণি থাকতে হবে। গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টিতে আলাদাভাবে ন্যূনতম জি.পি.এ. ৩.৫০ থাকতে হবে এবং সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো ও নতুন উভয় পদ্ধতির ক্ষেত্রে ন্যূনতম একটিতে সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.৫০ ও অন্যটিতে সি.জি.পি.এ./জি.পি.এ. ৩.২৫ থাকতে হবে।

(৪) **যোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে নিয়োগের জন্য প্রার্থীদের ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম যোগ্যতাঃ**

পুরনো পদ্ধতিতে (শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষা জীবনের যে কোনো ০৩ (তিন) টি স্তরে প্রথম বিভাগ/শ্রেণিসহ সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রি থাকতে হবে। যে স্তরে ১ম বিভাগ/শ্রেণি থাকবে না সে স্তরে ন্যূনতম ৫৫% মার্কস থাকতে হবে।

গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি./সমমান ও এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উভয়টির মোট জি.পি.এ. ন্যূনতম ৮.০০ থাকতে হবে, কিন্তু কোনো পর্যায়ে ৩.৫০ এর কম নয়। সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে পুরনো গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৬৫ ও অন্যটিতে ৩.৫০ থাকতে হবে। বর্তমানে প্রচলিত অভিন্ন গ্রেডিং পদ্ধতিতে উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিষয়ে অনার্স ও মাস্টার্স ডিগ্রিতে ন্যূনতম সি.জি.পি.এ./জি.পি.এ. একটিতে ৩.৬০ ও অন্যটিতে ৩.৫০ থাকতে হবে।

উপরের ক্রমিক-১(২) ও ১(৪)-এ বর্ণিত বিভাগসমূহে প্রভাষক নিয়োগের ক্ষেত্রে শুধুমাত্র ২০০১, ২০০২ ও ২০০৩ সনের এস.এস.সি./সমমান এবং ২০০৩ সনের এইচ.এস.সি./সমমান পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের বেলায় ন্যূনতম জি.পি.এ. ৪.০০ এর স্থলে ৩.৫০ প্রাপ্ত প্রার্থীগণও আবেদন করতে পারবেন।

সকল বিভাগ/ইনস্টিটিউট-এ প্রভাষক পদে সম্পূর্ণ নতুনভাবে শিক্ষক নিয়োগের ক্ষেত্রে পি.এইচডি ডিগ্রিধারী প্রার্থীর বেলায় অনার্স বা মাস্টার্স ডিগ্রির যে কোনো একটি পর্যায়ে সি.জি.পি.এ./জি.পি.এ. ০.১৫ এবং এম.ফিল/বিদেশী বিশ্ববিদ্যালয় থেকে ২য় মাস্টার্স ডিগ্রিধারী প্রার্থীর বেলায় অনার্স বা মাস্টার্স ডিগ্রির যে কোনো একটি পর্যায়ে সি.জি.পি.এ./জি.পি.এ. ০.০৫ শিথিলযোগ্য। তবে ২য় মাস্টার্স ডিগ্রিকে কোনো অবস্থাতেই ১ম মাস্টার্স ডিগ্রি হিসেবে গণ্য করা যাবে না। পুরনো পদ্ধতিতে (বিভাগ/শ্রেণি ভিত্তিক ফলাফলে) উত্তীর্ণ প্রার্থীদের ক্ষেত্রে এ নিয়ম প্রযোজ্য হবে না।

<u>অযোগ্যতাঃ</u>

বিজ্ঞাপিত ন্যূনতম যোগ্যতা থাকা সত্ত্বেও কেহ ছাত্রজীবনে শৃঙ্খলা ভঙ্গ, অসদাচরণ বা পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে দণ্ডিত/বহিষ্কৃত হয়ে থাকলে তিনি যে কোনো শিক্ষক পদের জন্য আবেদন করার ক্ষেত্রে অযোগ্য বলে গণ্য হবেন।

চলমান পাতা-৩

উক্ত পদসমূহের জন্য প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা, শর্তাবলী ও বিস্তারিত তথ্যাদিসহ পূর্ণাঙ্গ বিজ্ঞপ্তি ব্যক্তিগতভাবে যোগাযোগ করে রেজিস্ট্রার অফিস হতে অথবা চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট https://cu.ac.bd./noticeboard হতে Download করে এবং দরখাস্তের নির্ধারিত ফরম ও প্রকাশনার তালিকার প্রোফর্মা https://cu.ac.bd./forms.php হতে Download করে সংগ্রহ করা যাবে।

অগ্রণী ব্যাংক পিএলসি/জনতা ব্যাংক পিএলসি এর যে কোনো শাখা হতে রেজিস্ট্রার, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এর অনুকূলে অগ্রণী ব্যাংক পিএলসি/জনতা ব্যাংক পিএলসি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় শাখা-এর উপর প্রদেয় আবেদনপত্র ফি বাবদ ১,০০০ (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (যেটি প্রযোজ্য) ও প্রার্থীর সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি দরখাস্তের মূলসেটের সাথে এবং মার্কশীট/একাডেমিক ট্রান্সক্রিপ্টসহ সকল শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা ও জাতীয় পরিচয়পত্র/নাগরিকত্বের সনদপত্রের সত্যায়িত কপি, নিয়োগের জন্য প্রয়োজনীয় বই এর ক্ষেত্রে abstract ও article এর ক্ষেত্রে পূর্ণ article এর ফটোকপিসহ (accepted প্রকাশনার ক্ষেত্রে acceptance letter ও পাণ্ডুলিপিসহ) প্রকাশনার তালিকা আবেদনপত্রের প্রত্যেক সেটের সাথে সংযোজন করতে হবে।

প্রভাষক পদের জন্য নির্ধারিত ফরমে ০৬ (ছয়) সেট আবেদনপত্র আগামী ৩০/১১/২০২৬ খ্রিস্টাব্দের মধ্যে অফিস চলাকালীন (সকাল ৮টা ৩০ মিনিট হতে বিকাল ৩টা ৩০ মিনিট পর্যন্ত) রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। দাখিলকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এবং অন্যান্য কাগজপত্র ফেরতযোগ্য নয়।

নির্ধারিত ফি ব্যতীত কিংবা উক্ত ব্যাংক ব্যতীত অন্য কোনো ব্যাংকের ব্যাংক ড্রাফট/পে-অর্ডারসহ প্রাপ্ত আবেদনপত্র, বিজ্ঞাপিত যোগ্যতা অনুযায়ী প্রয়োজনীয় ডিগ্রির পরীক্ষায় ফলাফল অপ্রকাশিত (appeared) প্রার্থীর পেশকৃত আবেদনপত্র, নির্ধারিত শেষ তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র (ডাকযোগে/কুরিয়ার সার্ভিস ইত্যাদির মাধ্যমে প্রেরিত কোন আবেদনপত্র নির্ধারিত শেষ তারিখের মধ্যে পাওয়া না গেলে সে আবেদনপত্র) সরাসরি বাতিল বলে গণ্য হবে।

উক্ত পদসমূহে নিয়োগ পেলে সংশ্লিষ্ট শিক্ষককে এ বিশ্ববিদ্যালয়ে প্রথম যোগদানের পর পরবর্তী ০২ (দুই) বছর চাকরি করতে হবে এবং যোগদানের সময় এ মর্মে একটি অংগীকার প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে সংশ্লিষ্ট শিক্ষকের অন্য কোনো চাকরির আবেদন অন্য কোনো প্রতিষ্ঠানে ফরোয়ার্ড করা হবে না।

চাকরিরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। নির্ধারিত সংখ্যক আবেদনপত্রের সেট (ব্যাংক ড্রাফট ও সংশ্লিষ্ট সকল কাগজপত্রসহ) অগ্রিম কপি হিসেবে যথাসময়ে দাখিল করলে তা বিবেচনা করা যাবে। নিয়োগের জন্য নির্বাচিত হলে (নিয়োগ পেলে) তাঁকে এ বিশ্ববিদ্যালয়ে যোগদানের সময় পূর্বের/সর্বশেষ কর্মস্থল থেকে অবশ্যই ছাড়পত্র আনতে হবে; তবে মাসিক মূল বেতন নির্ধারণের ক্ষেত্রে কোনো প্রতিষ্ঠানের এল.পি.সি. গ্রহণ করা হবে না।

১১/১১/২০২৬

(মোঃ হাছান মিয়া)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়।
যোগাযোগ: ০২৩৩৪৪৬০৭৬৫-৭৪,৭৯-৯১ এক্স-৪২০১।